SAMPLE QUESTION PAPER
SUBJECT :- BENGALI
Class -XI

নমুনা প্রশ্ন

একাদশ শ্রেণি

বাংলা

SAMPLE QUESTION PAPER
SUBJECT :- BENGALI
Class -XI
নমুনা প্রশ্ন
একাদশ শ্রেণি
বাংলা

নমুনা প্রশ্ন বিষয়ে জ্ঞাতব্য বিষয় ঃ

★প্রশ্নের মান অনুসারে 'বিভাগ' করা হবে।

★প্রশ্নপত্রকে ৫(পাঁচ)টি বিভাগে বিভক্ত করা হবে (বিভাগ-ক থকে বিভাগ-ঙ)

★সমগ্র পাঠ্যসূচি থেকে প্রশ্ন থাকবে।

বিভাগ -ক

সঠিক উত্তরটি লেখো ঃ ১x১০=১০

কবিতা থেকে ২ টি প্রশ্ন

গদ্য থেকে ২টি প্রশ্ন

ছোটোগল্প থেকে ১টি প্রশ্ন

নাটক থেকে ১টি প্রশ্ন

বাংলা সাহিত্যের ইতিহাস থেকে ২ টি প্রশ্ন

অলংকার থেকে ২ টি প্রশ্ন

মোট ১০ টি প্রশ্ন

★বিভাগ-ক এ কোনো বিকল্প প্রশ্ন থাকবে না।

বিভাগ-খ

এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও ঃ ১x১৬=১৬

কবিতা থেকে	৩টি প্রশ্ন
গদ্য থেকে	৩টি প্রশ্ন
ছোটোগল্প থেকে	৩টি প্রশ্ন
নাটক থেকে	৩ টি প্রশ্ন
বাংলা সাহিত্যের ইতিহাস থেকে	৩ টি প্রশ্ন
অলংকার থেকে	১ টি প্রশ্ন
মোট	১৬ টি প্রশ্ন

★বিভাগ-খ এ কোনো বিকল্প প্রশ্ন থাকবে না।

বিভাগ-গ

নীচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও ঃ (৬০ থেকে ৭০ শব্দের মধ্যে) ৩x৪=১২

কবিতা থেকে	১টি প্রশ্ন
গদ্য থেকে	১ টি প্রশ্ন
অলংকার থেকে	২ টি প্রশ্ন
মোট	৪ টি প্রশ্ন

★বিভাগ-গ এর প্রশ্নের কোনো বিভাজন থাকবে না এবং কোনো বিকল্প প্রশ্ন থাকবে না।

বিভাগ-ঘ

নিম্নলিখিত প্রশ্নগুলোর উত্তর দাও (১২০ থেকে ১৫০ শব্দের মধ্যে) ৬x৭=৪২

কবিতা থেকে ২টি প্রশ্ন

গদ্য থেকে ২ টি প্রশ্ন

ছোটগল্প থেকে ১ টি প্রশ্ন

নাটক থেকে ১ টি প্রশ্ন

বাংলা সাহিত্যের ইতিহাস থেকে ১ টি প্রশ্ন

মোট ৭টি প্রশ্ন

বিভাগ-ঘ এর প্রত্যেকটি প্রশ্নের একটি বিকল্প প্রশ্ন (অথবা) থাকবে এবং প্রশ্নের বিভাজনও থাকতে পারে (১+২+৩=৬ অথবা ১+১+৪=৬ অথবা ২+৪=৬)। তবে বাংলা সাহিত্যের ইতিহাস এর প্রশ্নে কোনো বিভাজন থাকবে না।

বিভাগ-ঙ

নীচের প্রশ্নটির উত্তর দাও (৩০০ থেকে ৩৫০ শব্দের মধ্যে) ১x১০=১০

প্রদত্ত সংকেত অনুসারে গল্প রচনা

প্রতিবেদন রচনা

পত্র রচনা

এই বিভাগে প্রশ্নপত্রে দু'টি প্রশ্ন থাকবে। একটির উত্তর দিতে হবে।

SAMPLE QUESTION PAPER
Class -XI
SUBJECT :- BENGALI
Full Marks :- 90
Time :- 3hrs.
The figures in the margin indicate full marks

বিভাগ-ক

(১.) নীচের প্রতিটি প্রশ্নের সঠিক উত্তর লেখো ঃ ১x১০=১০

(১) 'ফুল্লরার বারমাস্যা' কবিতাটির উৎস গ্রন্থের নামঃ

(ক) মনসামঙ্গাল (খ) চন্ডীমঙ্গাল (গ) ধর্মমঙ্গাল (ঘ) কালিকামঙ্গাল।

(২) 'অজ্ঞান তুই, "- এখানে, 'তুই' বলতে বলা হয়েছে ঃ

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম (গ) মাইকেল মধুসূদন দত্ত (ঘ) জীবনানন্দ দাশকে।

(৩) 'যে রাতে নসীবাবুর পুত্রের অকাল মৃত্যু হয়েছিল সে রাতটি ছিল

(ক)বসন্তের রাত (খ) শীতের রাত (গ) বর্ষার রাত (ঘ) উৎসবের রাত।

(৪) 'এদিকে তিনি মাটির মানুষ কিন্তু তেজে একেবারে পরিপূর্ণ ছিলেন।"-মানুষটি ছিলেন

(ক) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (খ) ব্রজেন্দ্রনাথ শীল (গ) নবীনচন্দ্র সেন (ঘ) রাজনারায়ণ বসু।

(৫) 'ডাইনি' গল্পের বৃদ্ধা বিলুপ্ত হয়ে গেল ঃ

(ক) দুপুর বেলার প্রচন্ড রোদে (খ) কালবৈশাখীর ঘূর্ণিঝড়ে (গ) প্রবল বন্যায় (ঘ) গাঢ় অন্ধকারে।

(৬) 'মুকুট' নাটকে মধ্যম রাজকুমারের নাম ঃ

(ক) প্রতাপ (খ) চন্দ্রমাণিক্য (গ) ইন্দ্রকুমার (ঘ) ইশা খাঁ

(৭) 'চর্যাপদ আবিষ্কৃত হয়েছে ঃ

(ক) ১৯০৭ খ্রিস্টাব্দে (খ) ১৯০৮ খ্রিস্টাব্দে (গ) ১৯০৯ খ্রিস্টাব্দে (ঘ) ১৯১৯ খ্রিস্টাব্দে।

(৮) 'চৈতন্য চরিতামৃত' গ্রন্থটির রচয়িতা হলেন

(ক) বৃন্দাবন দাস (খ) লোচন দাস (গ) গোবিন্দ দাস (ঘ) কৃষ্ণদাস কবিরাজ।

(৯) 'সতীময়না' বা 'লোর চন্দ্রানী' গ্রন্থটি রচিত হয়েছে ঃ

(ক) পঞ্চদশ শতাব্দীতে (খ) ষোড়শ শতাব্দীতে (গ) সপ্তদশ শতাব্দীতে (ঘ) অষ্টাদশ শতাব্দীতে

(১০) 'এত ভঙ্গ বঙ্গদেশ তবু রঙ্গ ভরা।' -অলংকারটি হল ঃ

(ক) বক্রোক্তি (খ) শ্লেষ (গ) যমক (ঘ) অনুপ্রাস

বিভাগ-খ

(২) এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাওঃ ১x১৬=১৬

(১) '-----------করেনি শতধা," - কাকে শতধা করেনি ?

(২) 'মধ্যাহ্ন' কবিতায় কোন কোন পাখির উল্লেখ রয়েছে ?

(৩) ।।।। মুখের কথা একলা হয়ে কোথায় পড়ে রইল ?

(৪) 'একটি ছিল মহা দুষ্টু বাঙালি রাজার ছেলে-"

-বাঙালি রাজার ছেলেটির নাম লেখো।

(৫) "এ বইটি কবেকার ?"-কোন বইটির কথা বলা হয়েছে ?

(৬) 'বসন্তের কোকিল' রচনায় উল্লেখিত মঙ্গলা কার নাম ?

(৭) কোন তিথির চাঁদের জ্যোৎস্নায় ছাতি-ফাটার মাঠ একখানা সাদা ফরাশের মতো পড়ে আছে ?

(৮) "খুন করে ফেলব হারামজাদিকে।"-উদ্ধৃতাংশের বক্তা কে ?

(৯) পর পর দু দিন ছুটির সুযোগে শঙ্খনাথ ও রুচিয়া কোথায় বেড়াতে যেতে চেয়েছিল ?

(১০) "মহারাজার কাছে আমার নালিশ আছে।"-মহারাজার নাম কী ?

(১১) সেনাপতি ইশা খাঁ কোন নদীর জলে মুকুট ফেলে দিয়েছিল ?

(১২) রাজধর যুবরাজকে কখন শিকার করতে যাওয়ার প্রস্তাব দিয়েছিল ?

(১৩) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কয়টি খন্ড ?

(১৪) 'মৈথিল কোকিল' কাকে বলা হয় ?

(১৫) শাক্ত পদাবলির শ্রেষ্ঠ কবির নাম কী ?

(১৬) অলংকারের নাম উল্লেখকরো ঃ 'ভারত ভারতখ্যাত আপনার গুণে'।

বিভাগ -গ

(৩) নীচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও (৬০ থেকে ৭০ শব্দের মধ্যে) ঃ- ৩x৪=১২

(১) "প্রখর মধ্যাহ্ন বেলা দীপ্ত চারিদিক"

-উদ্ধৃতিটির আলোকে মধ্যাহ্নের একটি ভাষাচিত্র অংকন করো।

(২) রবীন্দ্রনাথের 'স্বাদেশিকতা' প্রবন্ধ অনুসরণে হিন্দুমেলার সংক্ষিপ্ত বর্ণনা দাও

(৩) উদাহরণসহ রূপক অলংকারের সংজ্ঞা দাও

(৪) বক্রোক্তি কাকে বলে ? একটি উদাহরণ দাও।

বিভাগ -ঘ

(৪) নীচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও (১২০ থেকে ১৫০ শব্দের মধ্যে) ঃ- ৬x৭=৪২

(১) "নিওন আলোয় পণ্য হল
যা -কিছু আজ ব্যক্তিগত।"

(ক) কার লেখা, কোন কবিতার উদ্ধৃতি ?

(খ) উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৪=৬

অথবা

"আচ্ছাদন নাহি অঙ্গে পড়ে মাংস জল।
কত মাছি খায় অঙ্গে করমের ফল।।"

(ক) এটি কোন্ কবিতার অংশ বিশেষ?

(খ) উদ্ধৃতাংশটির বক্তা কে?

(গ) উদ্ধৃতাংশটির প্রসঙ্গ আলোচনা করো। ১+১+৪=৬

(২) "পাইলাম কালে
মাতৃভাষা রূপে খনি, পূর্ণ মণিজালে।"

(ক) কোন্ কবির এই আত্মতৃপ্তি?

(খ) 'মাতৃভাষা-রূপে খনি' বলেছেন কেন?

(গ) 'পাইলাম কালে' বলার কারণ বিশ্লেষণ করো। ১+২+৩=৬

অথবা

'প্রার্থনা' কবিতার ভাববস্তু নিজের ভাষায় লেখো। ৬

(৩) (ক) " বসন্তের কোকিল' প্রবন্ধটির রচয়িতা কে?

(খ) প্রবন্ধটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?"

(গ) প্রবন্ধটির মূল বক্তব্য সংক্ষেপে আলোচনা করো। ১+১+৪=৬

অথবা

"সেই Tradition সমানে চলছে, তার কোথাও পরিবর্তন ঘটেনি।"

(ক) কার লেখা কোন্ রচনার অন্তর্গত?

(খ) লেখকের অনুসরণে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো। ২+৪=৬

(৪) (ক) 'স্বাদেশিকতা' প্রবন্ধটি কার কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

(খ) প্রবন্ধটিতে লেখক স্বদেশ প্রেমের যে সকল নিদর্শনের উল্লেখ করেছেন তা সংক্ষেপে বর্ণনা করো। ২+৪=৬

অথবা

সিংহলে কীভাবে বৌদ্ধধর্ম প্রসার লাভ করেছিল তা স্বামী বিবেকানন্দের 'সিংহল ও বৌদ্ধধর্ম' প্রবন্ধ অনুসরণে সংক্ষেপে বর্ণনা করো।

(৫) "নামটি আজও পূর্ণ গৌরবে বর্তমান।"

(ক) উদ্ধৃতিটি কোন গল্পের অংশ?

(খ) 'নামটি' কী?

(গ) এ কথাটি বলা হয়েছে কেন? ১+১+৪=৬

অথবা

"শিবনাথ দুজনকে এক করে দেখেন।"

(ক) শিবনাথ কে?

(খ) 'দুজন' বলতে কাদের কথা বলা হয়েছে?

(গ) কেন শিবনাথ 'দুজনকে এক করে দেখেন'? ১+২+৩=৬

(৬) "নিজের সম্মান আমি নিজেই রাখতে পারব।"

(ক) উক্তিটি কার?

(খ) কোন প্রসঙ্গে এই উক্তি?

(গ) বক্তার চরিত্রের কোন্ দিকটি এখানে পরিস্ফুট হয়েছে? ১+২+৩=৬

অথবা

"যুদ্ধক্ষেত্র থেকে বহুদূরে থেকেই তিনি যুদ্ধ করতে ভালোবাসেন।"

(ক) কে, কার সম্পর্কে একথা বলেছেন?

(খ) উদ্দিষ্ট ব্যক্তি-চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৪=৬

(৭) রামায়ণ অনুবাদে কৃত্তিবাস ওঝার কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো। ৬

অথবা

অন্নদামঙ্গল কাব্য রচনায় ভারতচন্দ্র রায় যে বিশেষ কাব্য প্রতিভার পরিচয় দিয়েছেন তা উল্লেখ করো। ৬

বিভাগ -ঙ

(৫) নীচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও (৩০০ থেকে ৩৫০ শব্দের মধ্যে) ঃ- ১x১০=১০

প্রদত্ত সংকেত অনুসারে একটি গল্প রচনা করো ঃ

একজন ভদ্রলোক কয়েকজন বন্ধুকে নিমন্ত্রণ করলেন-। কিন্তু বন্ধুরা কেউ এলেন না-ভদ্রলোক খুব দুঃখিত হলেন-দেখা গেল টেবিলের ড্রয়ারে নাম লেখা চিঠিগুলি মজুত- চিঠিগুলি ডাকে দেওয়া হয়নি।

অথবা

একটি বই পড়ে তোমার ভালো লেগেছে। কেন ভালো লেগেছে তার কারণ জানিয়ে বন্ধুর কাছে একটি পত্র লেখো।